

তথ্যবিবরণী

নম্বর-১১৮

এসএসসি পরীক্ষা চলাকালীন কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ

ময়মনসিংহ (বুধবার, ১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.):

আগামীকাল ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বৃহস্পতিবার হতে ২০২৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি), দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে সম্পন্ন হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৪ হতে ১২ মার্চ ২০২৪ তারিখ পর্যন্ত ময়মনসিংহ জেলা সদরে অবস্থিত সকল ধরনের কোচিং সেন্টারসহ উপজেলায় পরিচালিত কোচিং সেন্টারসমূহ বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। ময়মনসিংহ জেলা প্রশাসন কর্তৃক এ নির্দেশনা প্রদান করা হয়। অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানানো হয়।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/হদা/রেজভী/২০২৪/২১:০০ ঘন্টা